

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
বিদ্যালয়-২ শাখা

নম্বর-৩৮.০০৮.০১১.০০.০০.০০৬.২০১৩-২৬২

তারিখঃ ০৫ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ  
১৮ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দেশের বিভিন্ন জেলায় অবস্থিত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ প্রক্রিয়া চলছে। বিভিন্ন সূত্রে অভিযোগ পাওয়া গেছে যে, কোন কোন মহল/ব্যক্তি নানাভাবে প্রতারণার মাধ্যমে সহকারী শিক্ষক পদে আবেদনকারীগণকে প্রতারণামূলক তথ্য দিয়ে অবৈধ পন্থায় চাকুরি দেওয়ার প্রস্তাব/আশ্বাস দিয়ে আর্থিক সুবিধা গ্রহণ করছে। এ প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে অনলাইনে আবেদন গ্রহণ, আবেদন যাচাই শেষে প্রার্থীদের নিকট অনলাইনে প্রবেশপত্র প্রেরণ, পরীক্ষা কেন্দ্রের সিট বিন্যাস, একাধিক সেট প্রশ্নপত্রের মাধ্যমে পরীক্ষা গ্রহণ ও উত্তরপত্র মূল্যায়ন শেষে স্বল্পতম সময়ের মধ্যে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রকাশসহ বিভিন্ন সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণপূর্বক অত্যন্ত স্বচ্ছতার সাথে শিক্ষক নিয়োগ সম্পন্ন করা হয়ে থাকে।

এ পরিপ্রেক্ষিতে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতারণার মাধ্যমে/অনৈতিকভাবে অর্থের বিনিময়ে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে চাকুরি পাওয়ার কোন সুযোগ নেই। সংশ্লিষ্ট সকলকে এ ধরনের প্রতারণা/প্রলোভনের সাথে না জড়ানোর জন্য পরামর্শ দেওয়া হলো। কোন ব্যক্তির বিরুদ্ধে এরূপ প্রতারণার অভিযোগ পাওয়া গেলে সঙ্গে সঙ্গে নিকটস্থ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

মো: আকরাম-আল-হোসেন  
সচিব